দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৮/২০১৪ — তারিখঃ ১০/০২/২০১৪খ্রিঃ।

**সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,** — ২৮ মাঘ, ১৪২০ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং- এস১৫-১৯/ফ্রেইট ফরোয়ার্ডার/লাইঃ/০৩/২০৭ তারিখ-০৯/০২/২০১৪ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং- এস১৫-১৯/ফ্রেইট ফরোয়ার্ডার/লাইঃ/০৩/২০৭ — তারিখ-০৯/০২/২০১৪।

বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা) কর্তৃক অতিরিক্ত Destination Service Charge (DSC)/NOC Charge আদায় এর বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

তারিখ-০৯ফেব্রুয়ারী, ২০১৪ বেলা-১১.০০টা
স্থান-কাস্টম হাউস, চট্টগ্রামের সম্মেলন কক্ষ।

০৯/০২/২০১৪ তারিখ বেলা ১১.০০টায় কাস্টম হাউস, চট্টগ্রামের সম্মেলন কক্ষে স্টেকহোল্ডারদের সাথে বিভিন্ন ইস্যুভিত্তিক জটিলতা নিরসন ও অতিরিক্ত চার্জ আদায় বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (শুল্কঃ নীতি) জনাব মোঃ ফরিদউদ্দিন। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং পণ্য চালান খালাসসহ তথা দেশের আমদানি-রপ্তানি কার্যক্রমে সকল স্টেকহোল্ডারদের ভূমিকার কথা স্মরণ করে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-ক তে উপস্থাপিত।

২। বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে সমস্যাগুলো চিহ্নিত করে এ সভার আয়োজন করা হয়। কাস্টমস্ ও বন্দর বিষয়ক সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা করা হয়। আলোচনার মূল বিষয়বস্তু ছিল- দ্রুত পণ্য শুল্কায়ন ও খালাস তরান্বিত করা, সঠিক রাজস্ব আদায় ও পরিবেশ সংরক্ষণের পাশাপাশি স্টেকহোল্ডারদের অতিরিক্ত চার্জ বা ফি আদায় নিয়ন্ত্রণ করা।

৩। বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশনের পক্ষে প্রেসিডেন্ট জনাব মাহাবুবুল আনাম বলেন, ফ্রেইটফরওয়ার্ডার্স-এর চার্জ বা ফি নির্ধারিত হবে Market Forces- এর উপর। এই চার্জ সুনির্দিষ্ট করা সঠিক হবে না। জুলাই/২০১৩ ফ্রেইটফরওয়ার্ডার্স এসোসিয়েশনের সদস্যদের সাথে আলোচনা করে ফি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত হয়। চার্জ বা ফি বৃদ্ধির জন্য বিভিন্ন ক্ষেত্রে মূল্য বৃদ্ধির কথা উল্লেখ করেন। এ জন্য চার্জ দুই হাজার টাকা হতে সর্বোচ্চ সাড়ে তিন হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

৪। চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই) এর পরিচালক জনাব মাহফুজুল হক শাহ বলেন, আন্তর্জাতিক প্রেক্ষাপটে এ ধরণের চার্জ নেয়ার সুযোগ নেই। বাংলাদেশের পরিপ্রেক্ষিতে এ ধরণের চার্জ নেওয়া যেতে পারে। তবে, তা আলোচনা সাপেক্ষে।

৫। সভায় বিজিএমইএ-এর প্রথম সহ-সভাপতি জনাব নাসির উদ্দিন চৌধুরী বলেন, চার্জ বা ফি নেয়ার বিষয়ে নীতিমালা তৈরী করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় বর্তমান প্রচলিত আইন সংস্কার করা যেতে পারে। তিনি আরও বলেন, চার্জের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে Customs Licensing Committee Regulatory Body হিসাবে কাজ করতে পারে। এ জন্য ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স আইন এর প্রয়োজনীয় পরিবর্তন আনা যেতে পারে।

৬। জাতীয় রজস্ব বোর্ডের মাননীয় সদস্য (শুল্কঃ নীতি) জনাব মোঃ ফরিদ উদ্দিন বলেন, আন্তর্জাতিক নিয়মনীতি অনুসরণ করে ফি-আদায় করতে হবে। বালি সম্মেলনে এ বিষয়ক প্রস্তাব গৃহীত হয়েছে। ৩০ মার্চ, ২০১৪-এর মধ্যে ফ্রেইটফরওয়ার্ডার্স কর্তৃক (DSC)/NOC ফি নির্ধারণ করা হবে। এ বিষয়টি নিস্পত্তি করার জন্য বিজিএমইএ, বন্দর, বাংলাদেশ ব্যাংক, শিপিং এজেন্ট, সিএন্ডএফ প্রতিনিধি ফ্রেইটফরওয়ার্ডার্স এজেন্ট প্রতিনিধি সমন্বয়ে কমিটি করা হবে। উক্ত কমিটি আগামী ১৭ই ফেব্রুয়ারী এবং ১৮ ও ১৯ ফেব্রুয়ারী/২০১৪ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকায় পরবর্তী সভা করবেন এবং দ্রুত এই সভা বিষয়ক প্রাথমিক আলোচনা ও সিদ্ধান্ত নেয়ার জন্য স্ব স্ব এসোসিয়েশনের প্রতিনিধিরা সম্মেলনে মিলিত হবে। পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বের চার্জ বা ফি বহাল থাকবে এবং এ বিষয়ে এসোসিয়েশন পদক্ষেপ নিবে।

৭। শিপিং এজেন্ট-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব এম. কামাল হায়াত বলেন, তারা আজ আলোচনার জন্য প্রস্তুত নয় এবং তারা বিষয়টি সম্পর্কে অবগত নয়। পরবর্তীতে দ্বিপাক্ষিক আলোচনা করে পরবর্তী সভার তারিখ ঠিক করবেন।

৮।	সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন-এর সাধারণ সম্পাদক জনাব মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু) বলেন, তাদের এজেন্ডার বিষয়বস্তু পরবর্তীতে আলোচনা করা হবে।

৯।	পণ্যের বর্ণনা সঠিক কিন্তু এইচ.এস. কোড ভুল আছে, এক্ষেত্রে জরিমানা না করার জন্য আহ্বান করা হয়। তবে, কমিশনার মহোদয় জানান বিষয়টি সঠিক নয়। The Customs Act, 1969- এর Section-32 লংঘিত হলে জরিমানা করা উচিত, তা না হলে মিথ্যা ঘোষণা বৃদ্ধি পাবে। মাননীয় সদস্য (শুল্কঃ নীতি) জনাব ফরিদ উদ্দিন আহমেদ জানান রাজস্ব ঝুঁকি থাকলে বিচারিক ক্ষমতা ও প্রজ্ঞা দ্বারা জরিমানার বিষয়টি নির্ধারণ করা যেতে পারে। তবে, একই ধরণের ভুল বার বার ঘটলে তা ঐচ্ছিক বলে প্রতীয়মান হয় এবং জরিমানা করা উচিত।

**সিদ্ধান্ত ঃ**

১।	পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ফরওয়ার্ডার্স কর্তৃক পূর্বের চার্জ বা ফি বহাল থাকবে এবং ৩০ মার্চ, ২০১৪-এর মধ্যে ফ্রেইটফরওয়ার্ডার্স কর্তৃক (DSC)/NOC ফি নির্ধারণ করা হবে;

২।	লাইসেন্সিং অথরিটি হিসাবে জাতীয় রাজস্ব বোর্ড সকল স্টেকহোল্ডারদের সঠিক ও যথাযথ চার্জ বা ফি আদায়ের ভূমিকা পালন করতে পারবে ;

৩।	পরবর্তী সভায় শিপিং এজেন্ট ও বিকডা তাদের আলোচনা এবং প্রস্তাবনা পেশ করবেন ও এ বিষয়ে আলোচনা হবে;

৪।	রাজস্ব ঝুঁকির বিষয়টি বিবেচনা করে জরিমানা আদায় করতে হবে।

স্বাক্ষরিত/-
**(মোঃ ফরিদউদ্দিন)**
সদস্য (মূসক নীতি ও বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ-০২-৮৩১৬০৪৮।

নথি নং- এস১৫-১৯/ফ্রেইট ফরোয়ার্ডার/লাইঃ/০৩/২০৭(০৯)		তারিখ-০৯/০২/২০১৪।